

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

নং-১৫.৫৮.০০০০.১০৮.১১.০০২.২১/২৯৯

তারিখ: ২৩.০৬.২০২২ খ্রি.

জনবল নিয়োগ পরীক্ষার নোটিশ

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক বাস্তবায়নাধীন 'দেশী ও বিদেশী উৎস হতে মুক্তিযুদ্ধের অডিও ভিজুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্পের ১৮.০৪.২০২২ তারিখের ১৫.৫৮.০০০০.১০৮.১১.০০২.২১/১৮০ নং নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে প্রকল্পের আওতায় ১০ম থেকে ১৬তম গ্রেডের ৬ ক্যাটাগরির ৮টি শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে (জুন ২০২৪ পর্যন্ত) জনবল নিয়োগ পরীক্ষা নিম্নবর্ণিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় : বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন (২য় তলা), এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। ২৯ জুলাই ২০২২ খ্রি. শুক্রবার সকাল ১০:৩০ টা।

ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় : বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ল্যাব-১ (৬ষ্ঠ তলা)। ২৯ জুলাই ২০২২ খ্রি. শুক্রবার বিকাল ৪:০০ টা। শুধুমাত্র ডাটা এন্ট্রি অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য।

মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ (৬ষ্ঠ তলা)। ৩০ জুলাই ২০২২ খ্রি. শনিবার সকাল ১০:০০ টা। সকল পদে শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এবং ও ডাটা এন্ট্রি অপারেটর পদে শুধুমাত্র লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রধান ফটকে এবং ওয়েবসাইট www.bfa.gov.bd এ প্রকাশ করা হবে।

২। পরীক্ষা শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রার্থীকে নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে।

৩। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীর প্রাসঙ্গিক সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে।

৪। পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, ঘড়ি বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।

৫। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না এবং মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র জারী করা হবে না।

৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

নিয়োগ পরীক্ষা গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে যোগ্য প্রার্থীদের আবেদনপত্রের সাথে সংযুক্ত খামে উল্লিখিত ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। সকলকে নির্ধারিত সময়ে পরীক্ষার হলে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


২৩/০৬/২২

ড. মোঃ মোফাকখারুল ইকবাল
প্রকল্প পরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

ও

সদস্য-সচিব, জনবল নিয়োগ কমিটি
ফোন: ৫৮১৫৭৯৮৪, ০১৩০৪-৪৪৫১১১